

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ০৮ নভেম্বর ২০০৬/২৪ কার্তিক ১৪১৩

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১১৬ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদসমূহ পুনর্গঠন করেছে :

- (ক) সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।
- (খ) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।
- (গ) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)।
- (ঘ) জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)
- (ঙ) প্রশাসন বিষয়ক উপদেষ্টা পরিষদ কমিটি।
- (চ) জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।

২। উপরিউক্ত উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদসমূহের গঠন, সহায়তাদানকারী কর্মকর্তাগণ, কমিটি কার্যপরিধি (টার্মস অব রেফারেন্স) এবং সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগের নাম পরিশিষ্ট 'ক' হতে 'চ'-তে প্রদত্ত হলো।

৩। উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদসমূহের সভার কার্যবিবরণী অনুমোদিত হওয়ার তিন দিনের মধ্যে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক এর অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (কমিটি ও উন্নয়ন অনু বিভাগ-এ) প্রেরণ করতে হবে।

৪। উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ সমূহের যে সমস্ত সুপারিশ/সিদ্ধান্ত চূড়ান্ত অনুমোদনের জন্য উপদেষ্টা পরিষদ সভায় পেশ করার প্রয়োজন, তা উপদেষ্টা পরিষদ সভায় পেশ করতে হবে। উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ সমূহের অন্যান্য সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়নের পূর্বে প্রধান উপদেষ্টার অনুমোদনের জন্য পেশ করতে হবে।

৫। এতদসংক্রান্ত পূর্বে গঠিত কমিটি/পরিষদ বাতিল বলে গণ্য হবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মদ আব্দুস সামাদ

যুগ্মসচিব

কমিটি ও উন্নয়ন

সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি

(ক) কমিটির গঠন :

- (১) উপদেষ্টা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয় এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়। আহ্বায়ক
- (২) উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়। -সদস্য
- (৩) উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। -সদস্য
- (৪) উপদেষ্টা, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। -সদস্য
- (৫) উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। -সদস্য
- (৬) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা।

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ :

- (১) মন্ত্রিপরিষদ সচিব।
- (২) মুখ্য সচিব/সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
- (৩) সচিব, অর্থ বিভাগ।
- (৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
- (৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
- (৬) পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট সদস্য।
- (৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব।

(গ) কমিটির কার্যপরিধি :

- (১) সকল মন্ত্রণালয়/বিভাগ/অধঃস্তন দপ্তর/আধাসরকারী সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/রাষ্ট্রীয়কৃত শিল্প কর্তৃক প্রদত্ত এককভাবে পঁচিশ কোটি টাকার উর্দ্বৈ ক্রয় এবং চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;
- (২) পরামর্শক সার্ভিস (কনসালট্যান্সি সার্ভিসেস) সংক্রান্ত পাঁচ কোটি টাকার উর্দ্বৈ চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;
- (৩) উপরের (১) ও (২) উপ অনুচ্ছেদে উল্লিখিত অংকের টাকার (অর্থাৎ যথাক্রমে ২৫ কোটি ও ৫ কোটি টাকার উর্দ্বৈ) পুনঃদরপত্র আহ্বানের পুনর্বিবেচনা সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা;
- ৪। সরকারের বিভিন্ন সংস্থার অনুসৃত দরপত্র আহ্বান পদ্ধতির পর্যালোচনা এবং পরিবীক্ষণ;

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

